



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬



নম্বর : ১৫.৫৫.০০০০.৩০৫.২৫.০১৯.১৭, ৪৪৭৪

২০ অগ্রহায়ণ ১৪২৪
০৪ ডিসেম্বর ২০১৭

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ডিজিটাল ক্যামেরা চালনা ও আলোক সম্পাত পাঠ্যধারা


জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ০৭ জানুয়ারী থেকে ১৫ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে ০৬ (ছয়) সপ্তাহব্যাপী ডিজিটাল ক্যামেরা চালনা ও আলোক সম্পাত পাঠ্যধারার আয়োজন করতে যাচ্ছে।

ডিজিটাল ক্যামেরা চালনা ও আলোক সম্পাত পাঠ্যধারায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আবেদনপত্র আগামী ২০ ডিসেম্বর ২০১৭ রোজ বুধবার পর্যন্ত দপ্তর চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর পাসপোর্ট আকারের দুইকপি রজিন সত্যায়িত ছবি এবং প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি পেশ করতে হবে। ইনস্টিটিউটের ওয়েব সাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে আবেদন করা যাবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২০ ডিসেম্বর ২০১৭ রোজ বুধবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ২১ ডিসেম্বর ২০১৭ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ মি: এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে। এজন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৯,০০০.০০ (নয় হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।



(রোনক জাহান)


উপ পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশি.)

ও

কোর্স পরিচালক

ফোন: ৫৫০৭৯৪৩৪

জাগাই - এর Website - র দেয়া হয়।


০৪/১২/১৭